

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ৩২

আরবি মূল আয়াত:

فَالْقَىٰ عَصَاهُ فَإِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِينٌ ﴿٣٢﴾

অনুবাদসমূহ:

অতঃপর সে তার লাঠি ফেলে দিল, ফলে তৎক্ষণাৎ তা একটি স্পষ্ট অজগর হয়ে গেল। — আল-বায়ান

তখন মূসা তার লাঠি ছুঁড়ে দিল আর সহসাই তা স্পষ্ট এক অজগর হয়ে গেল। — তাইসিরুল

অতঃপর মূসা তার লাঠি নিক্ষেপ করলে তৎক্ষণাৎ তা এক সুস্পষ্ট অজগর হল। — মুজিবুর রহমান

So [Moses] threw his staff, and suddenly it was a serpent manifest. — Sahih International

৩২. তারপর মূসা তার লাঠি নিক্ষেপ করলে তৎক্ষণাৎ তা এক স্পষ্ট অজগরে(১) পরিণত হল।

(১) কুরআন মজীদে কোন জায়গায় এ জন্য حَيَّة (সাপ) আবার কোথাও جَان (ছোট সাপ) শব্দ ব্যবহার করা হয়েছে। আর এখানে বলা হচ্ছে ثُعْبَان (অজগর)। এর ব্যাখ্যা এভাবে করা যায় যে حَيَّة আরবী ভাষায় সর্পজাতির সাধারণ নাম। তা ছোট সাপও হতে পারে আবার বড় সাপও হতে পারে। আর ثُعْبَان শব্দ ব্যবহার করার কারণ হচ্ছে এই যে, দৈহিক আয়তন ও স্থূলতার দিক দিয়ে তা ছিল অজগরের মতো। অন্যদিকে جَان শব্দ ব্যবহার করা হয়েছে ছোট সাপের মতো তার ক্ষীণতা ও তেজস্বীতার জন্য। [দেখুন: ফাতহুল কাদীর]

তফসীরে জাকারিয়া

(৩২) সুতরাং মূসা তার লাঠি নিক্ষেপ করল, আর তৎক্ষণাৎ তা এক সাক্ষাৎ অজগরে পরিণত হল।[1]

[1] কোন কোন জায়গায় ثُعْبَان কে حَيَّة আবার কোথাও جَان বলা হয়েছে। ثُعْبَان বড় (অজগর) সাপকে বলা হয়। جَان ছোট সাপকে বলা হয়। আর حَيَّة ছোট-বড় উভয় ধরনের সাপকে বলা হয়। (ফাতহুল কাদীর) লাঠি প্রথমতঃ ছোট সাপের আকার ধারণ করে ও পরে তা অজগরে পরিণত হয়। واللّٰهُ أَعْلَمُ

তফসীরে আহসানুল বায়ান